গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, পাবনা
www.doict.pabna.gov.bd

**আইসিটি বিষয়ক জেলা কমিটির সভার কার্যবিবরণী** **(ফেব্রুয়ারি/২০২৪)**

---

| | |
|---|---|
| সভাপতি | মু: আসাদুজ্জামান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৮/০২/২০২৪ |
| সভার সময় | বেলা ১২.১৫ টায় |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, পাবনা |
| উপস্থিতি | উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো । |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর গত মাসের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করতে তিনি প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পাবনা কে অনুরোধ জানান। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পাবনা গত মাসের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে একটি অন্যতম পদসোপান ই-নথি/ডি-নথির যথোপযোগী ব্যবহার ও বাস্তবায়ন। লাইভে থাকা অফিসসমূহকে ই-নথি/ডি-নথির ব্যবহার বৃদ্ধি ও সন্তোষজনক পর্যায়ে রাখার ব্যাপারে তৎপর হতে হবে। ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট রাখতে হবে। অপেক্ষাকৃত পিছিয়ে পড়া অফিসসমূহকে তিনি তাদের বর্তমান অবস্থা সম্পর্কে অবহিত করেন ও ভাল অবস্থানে থাকা অফিসগুলোকে তিনি অভিনন্দন জানান। তিনি আরো বলেন, ডিজিটাল সেন্টারগুলো সম্পর্কে মানুষ জানতে পারছে এবং সেবা গ্রহীতার সংখ্যা ধীরে ধীরে বাড়ছে। দাপ্তরিক ই-মেইলের ব্যবহার নিয়মিত করার সফল উদ্যোগ নিতে হবে ও বাস্তবায়ন করতে হবে।
সভাপতি বলেন, আইসিটি আধুনিক বিশ্বের মূল চালিকাশক্তি। আইসিটি ব্যবহার ছাড়া বর্তমান গতিশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে উন্নয়ন অগ্রযাত্রা সম্ভব নয়। স্মার্ট বাংলাদেশ গড়তে হলে সবাইকে আইসিটি ব্যবহারে আরও অগ্রগামী হতে হবে। অতঃপর জেলার আইসিটি কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | তথ্য বাতায়নসমূহ হাল-নাগাদ করা | জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল তথ্যবহুল এবং সর্বদা হাল-নাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া। জেলা পর্যায়ে ওয়েব পোর্টালের সংখ্যা ১১০টি। বাতায়নসমূহ শতভাগ হাল-নাগাদ রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। তথ্য বাতায়নের সুরক্ষা নিশ্চিতকরণে নিয়মিত পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে। পাবনা জেলা পর্যায়ে ওয়েব পোর্টাল সমূহের সামগ্রিক ৯২% তথ্য হালনাগাদ করা আছে। জেলা পর্যায়ে অপেক্ষাকৃত পিছিয়ে পড়া দপ্তরের তালিকা সভায় উপস্থাপন করা হয়। হালনাগাদ কার্যক্রম চলমান আছে। | জেলা, উপজেলা এবং ইউনিয়নের সকল দপ্তর তাদের স্ব স্ব ওয়েব পোর্টালের তথ্যাদি নিয়মিতভাবে হালনাগাদ করবে। অপেক্ষাকৃত পিছিয়ে পড়া অফিসসমূহকে দ্রুত সময়ের মধ্যে ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করতে বলা হয় এবং তথ্য সমৃদ্ধ অফিসসমূহকে ধন্যবাদ জানানো হয়। | জেলা, উপজেলা এবং ইউনিয়নের সংশ্লিষ্ট দপ্তর প্রধান, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | ই-নথি / ডি-নথি বাস্তবায়ন | সরকারী নির্দেশনা অনুযায়ী নথি ব্যবস্থাপনায় ই-নথি/ডি-নথি ব্যবহার বৃদ্ধি করা প্রয়োজন। জেলা এবং উপজেলা পর্যায়ের দপ্তরসমুহের ই-নথি ব্যবস্থাপনাকে ডি-নথিতে রুপান্তর কার্যক্রম এটুআই কতৃক চলমান আছে, পর্যায়ক্রমে সকল দপ্তরে চালু করা হবে। এ সংক্রান্ত কারিগরি সহযোগিতা প্রদান অব্যাহত আছে। | ম্যানুয়াল নথির পরিবর্তে ই-নথি/ডি-নথি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং কোনো নথি অনিষ্পন্ন রাখা যাবে না। এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা এর প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল) কে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) |
| ৩ | পৌরসভা/ ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত মনিটরিং করা | ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদান করছে কিনা তা নিয়মিত মনিটরিং করা প্রয়োজন। | ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদর্শনকরছে কিনা তা নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার (সকল) |
| ৪ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম পরিদর্শন | জেলায় ১৫৬ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ৫ স্কুল অব ফিউচার রয়েছে। ল্যাবসমূহ যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করা প্রয়োজন। জানুয়ারি-২০২৪ মাসে আইসিটি অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক ৩৮ টি ল্যাব পরিদর্শন করা হয়েছে।<br>নতুন শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের জন্য নতুন ১১ টি আবেদনসহ মোট আবেদন ২২০ টি । প্রাপ্ত আবেদনসমুহ থেকে ল্যাব স্থাপন শর্তাবলী অনুসরণপূর্বক যাচাই-বাছাই কার্যক্রম চলমান আছে। | শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ ও ক্লাসরুম যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করতে হবে। ল্যাব চাই-বাছাই কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার (সকল) |
| ৫ | মাল্টিমিডিয়া ক্লাশরুম কার্যক্রম মনিটরিং করা | জেলার প্রায় সকল বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম চালু আছে। প্রত্যেকটি বিদ্যালয়ের মাল্টিমিডিয়া ক্লাস এর রিপোর্ট ড্যাশবোর্ডে নিয়মিত আপলোড নিশ্চিত করতে হবে। | বিদ্যালয়গুলোতে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাসের মাধ্যমে পাঠদান হয় কিনা সেটা মনিটরিং করার সাথে সাথে ড্যাশবোর্ডে রিপোর্ট দিচ্ছে কিনা তা প্রতি মাসে মনিটরিং করার জন্য জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | দাপ্তরিক ইমেইল ব্যবহার | দাপ্তরিক ই-মেইল এর যথাযথ ব্যবহার ও ই-মেইল এর সুরক্ষা নিশ্চিতকরণে নিয়মিত পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে । | দাপ্তরিক ইমেইল নীতিমালা অনুসরণ করে সকল দপ্তরকে ইমেইল যথাযথ ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |
| ৭ | ইনফো সরকার ফেইজ ২ ও ফেইজ ৩ | ইনফো সরকার-৩ এর প্রকল্পের আওতায় পাবনা জেলার ৪০ টি ইউনিয়নে উচ্চ গতির ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান সম্পন্ন হয়েছে এবং ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি)দের সংযোগ দেওয়ার কাজ চলমান আছে।<br>কানেক্টটেড বাংলাদেশ এর প্রকল্পের আওতায় দূর্গম ১৫ টি ইউনিয়নে উচ্চ গতির ইন্টারনেট কানেক্টিভিটি প্রদানের লক্ষ্যে সংযোগ স্থাপনের কাজ চলমান রয়েছে। | উক্ত ইন্টারনেট কানেক্টিভিটি সচল রাখার জন্য জেলা প্রতিনিধি ফাইবার এট হোম কে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ফাইবার এট হোম |
| ৮ | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকরণ | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রত্যেক দপ্তর/ প্রতিষ্ঠানে একজন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। কোনো কর্মকর্তা বদলী হলে নতুন করে তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ পূর্বক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রত্যেক দপ্তর/ প্রতিষ্ঠানের নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে যারা এখনও অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেননি তাদের দ্রুত উক্ত প্রশিক্ষণ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের জন্য প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল) কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার (সকল) |
| ৯ | এপিএ | সকল দপ্তর প্রধান কে এপিএ সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | এপিএমএস সফটওয়্যারে যথাসময়ে প্রতিবেদন দাখিল করতে হবে। | সংশ্লিষ্ঠ দপ্তর প্রধান |
| ১০ | ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প(EDC) | ডিজিটাল সংযোগ স্থাপন (EDC) প্রকল্পের আওতায় পাবনা জেলায় সর্বমোট ১৯৩৫টি ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগের প্রদান করা হবে। EDC(Establishing Digital Connectivity) প্রকল্পের আওতায় সারাদেশে প্রতিটি উপজেলা পরিষদ কমপ্লেক্সে আইসিটি অবকাঠামো ও অফিস স্থাপন করা হবে। পাবনা জেলার আটঘরিয়া উপজেলায় ভবনের কাজ শেষের দিকে। চাটমোহর, ফরিদপুর,বেড়া ও ভাঙ্গুরা উপজেলায় টেন্ডার হয়েছে, কিন্তু কাজ শুরু হয় নাই। বাকি উপজেলাগুলোতে এখন ও টেন্ডার হয় নাই। | ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ দ্রুত স্থাপনের জন্য প্রকল্প দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।যে উপজেলা গুলোতে কাজ চলছে তা ভালোভাবে তদারকি করতে হবে। | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | সুরক্ষা: কোভিড-১৯ ভ্যাকসিন ম্যানেজমেন্ট সফটওয়্যারে নাগরিকদের তথ্য সংশোধন | আইসিটি অধিদপ্তরের জেলা কার্যালয় হতে সুরক্ষা ওয়েবসাইটে প্রদত্ত নাগরিকদের তথ্য সংশোধনের কার্যক্রম বর্তমানে চলমান আছে। এখন পর্যন্ত তথ্য সংশোধনের জন্য ৩০৯৯ টি আবেদন পাওয়া গিয়াছে এবং সকল তথ্য সংশোধন করা হয়েছে। | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা কে প্রয়োজনীয় কারিগরি সহযোগীতা প্রদানের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট ব্যক্তি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা। |
| ১২ | অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা(GRS) | মন্ত্রিপরিষদ বিভাগ সম্প্রতি পাবনা জেলা পর্যায়ের সকল দপ্তরে অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা(www.grs.gov.bd) সফটওয়্যার চালু করছেন ফলে নাগরিকগণ অনলাইন-এ যে কোন দপ্তরে অভিযোগ দাখিল করতে পারবেন। | এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২-০২-২০২৪
মু: আসাদুজ্জামান
জেলা প্রশাসক

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৭৬০০.০০০.০৬.০০১.১৯.১৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, পাবনা-৫;
২। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৪। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৫। পুলিশ সুপার, পাবনা;
৬। সিভিল সার্জন, পাবনা;
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, জেলা পরিষদ, পাবনা;
৮। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা;
৯। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা;
১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ,পাবনা;
১১। সরকারী এডওয়ার্ড কলেজ, পাবনা;
১২। পাবনা সরকারী মহিলা কলেজ, পাবনা;
১৩। উপপরিচালক , উপপরিচালকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা;
১৪। জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পাবনা;
১৫। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, পাবনা;
১৬। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, পাবনা;
১৭। বিটিসিএল, পাবনা;
১৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পাবনা;
১৯। পাবনা জেলা স্কুল, পাবনা;
২০। পাবনা সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, পাবনা;
২১। ক্লাউড টেকনোলজি, পাবনা;

২২। ফাইবার এট হোম, পাবনা;

২৩। আতাইকুলা ইউনিয়ন ডিজিটাল সেন্টার, পাবনা;

২৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা এবং

২৫। সহকারী প্রোগ্রামার(সকল), পাবনা।

২৫-০২-২০২৪
সজীব সরকার
প্রোগ্রামার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Ict_meeting_attendence_feb_24